

## মাঘ মাসে কৃষক ভাইদের করণীয়

মাঘ মাসের কনকনে শীতের হাওয়া তার সাথে মাঝে মাঝে শৈত্যপ্রবাহ শীতের তীব্রতাকে আরো বাড়িয়ে দিয়ে যায়। কথায় আছে মাঘের শীতে বাঘ পালায়। কিন্তু আমাদের কৃষকভাইদের মাঠ ছেড়ে পালাবার কোন সুযোগ নেই। কেননা এ সময়টা কৃষির এক ব্যস্ততম সময়। আর তাই আসুন আমরা সংক্ষেপে জেনে নেই মাঘ মাসে কৃষিতে করণীয় গুরুত্বপূর্ণ কাজগুলোঃ

### বোরো ধান:

- বোরো ধানে এইজেড ও জাত অনুসারে চারা রোপণের ১৫-২০ দিন পর প্রথম কিস্তি, ৩০-৪০ দিন পর দ্বিতীয় কিস্তি এবং ৫০-৫৫ দিন পর শেষ কিস্তি হিসেবে ইউরিয়া সারের উপরি প্রয়োগ করতে হবে;
- চারা রোপণের ৭-১০ দিনের মধ্যে গুটি ইউরিয়া প্রয়োগ করতে পারেন। এতে বিঘা প্রতি ৬০-৬৫ কেজি ২০ কেজি গুটি ইউরিয়ার প্রয়োজন হয়;
- চারা রোপণকালে শৈত্য প্রবাহ শুরু হলে কয়েকদিন দেরি করে চারা রোপণ করুন;
- বোরো ধানের চারা রোপণের পর শৈত্যপ্রবাহ দেখা দিলে জমিতে ৫-৭ সেন্টিমিটার পানি ধরে রাখুন;
- বোরো ধানে নিয়মিত সেচ প্রদান, আগাছা দমন, বালাই ব্যবস্থাপনাসহ অন্যান্য পরিচর্যা করতে হবে। AWD পদ্ধতিতে সেচ প্রদান করলে পানি সাশ্রয় হয় ও ফলন বাড়ে।
- রোগ ও পোকা থেকে ধান ফসলকে রক্ষা করতে সম্বন্ধিত বালাই ব্যবস্থাপনা পদ্ধতি প্রয়োগ করতে হবে। এ ক্ষেত্রে পরিচ্ছন্ন চাষাবাদ, আত্মপরিচর্যা, যান্ত্রিক দমন, উপকারী পোকা সংরক্ষণ, ক্ষেতে ভালপালা পুঁতে পাখি বসার ব্যবস্থা করা, আলোর ফাঁদ এসবের মাধ্যমে ধানক্ষেত বালাই মুক্ত করতে হবে;
- এসব পন্থায় রোগ ও পোকাকার আক্রমণ প্রতিরোধ করা না গেলে শেষ উপায় হিসেবে সঠিক বালাইনাশক, সঠিক সময়ে, সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে;

### গম:

- গমের জমিতে যেখানে ঘন চারা রয়েছে তা পাতলা করে দিতে হবে;
- গম পাছ থেকে যখন শিষ বের হয় বা গম পাছের বয়স ৫৫-৬০ দিন হয় তবে জরুরীভাবে গম ক্ষেতে একটি সেচ দিতে হবে। এতে গমের ফলন বৃদ্ধি পাবে;
- ভালো ফলনের জন্য দানা গঠনের সময় আরেকবার সেচ দিতে হবে;
- গম ক্ষেতে ইঁদুর দমনের কাজটি সকলে মিলে একসাথে করতে হবে;

### ভুট্টা:

- ভুট্টা ক্ষেতের পাছের গোড়ার মাটি তুলে দিতে হবে;
- ভুট্টা ফসলে এইজেড ও জাত অনুসারে বীজ গজানোর ২৫-৩০ দিন পর প্রথম কিস্তি, ৪০-৪৫ দিন পর দ্বিতীয় কিস্তি ইউরিয়া ও এমওপি সার প্রয়োগ করতে হবে।
- ভুট্টার সাথে সাথী বা মিশ্র ফসলের চাষ করে থাকলে সেগুলোর প্রয়োজনীয় পরিচর্যা করতে হবে।
- ভুট্টা ফসলে ফল আর্গিওয়ার্ম পোকাকার আক্রমণ দেখা দিতে পারে। কাজেই নিয়মিত মনিটরিং ও প্রয়োজনে দমন ব্যবস্থা নিতে হবে মনিটরিং এর জন্য ফেরোমন ট্রাপ (একর প্রতি ৫টি) ব্যবহার করতে হবে।

### আলু:

- আলু ফসলে নাবি খস রোগ বা মড়ক রোগ দেখা দিতে পারে, মড়ক রোগ দমনে দেরি না করে ডায়থেন এম ৪৫ অথবা সিকিউর অথবা ইন্ডোফিল নিয়মিত স্প্রে অথবা অনুমোদিত ছত্রাকনাশক মাত্রানুযায়ী প্রয়োগ করতে হবে;
- তাছাড়া আলু ফসলে মালটিং, সেচ প্রয়োগ, আগাছা দমনের কাজগুলো করতে হবে;
- আলু পাছের বয়স ২০ দিন হলে মাটির সমান করে পাছ ফেটে দিতে হবে এবং ১০ দিন পর আলু তুলে ফেলতে হবে;
- আলু তোলা পর ভালো করে শুকিয়ে বাছাই করতে হবে এবং সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে;

### তেল ফসল:

- সরিষা, তিসি বেশি পাকলে রোদের তাপে ফেটে গিয়ে বীজ পড়ে যেতে পারে, তাই এগুলো ৮০ তাপ পাকলেই সংগ্রহের ব্যবস্থা নিতে হবে;

### শীতকালীন সবজি:

- বেশি ফলন পেতে শীতকালীন শাকসবজি যেমন ফুলকপি, বীথাকপি, টমেটো, বেগুন, ওলকপি, শালগম, গাজর, শিম, লাউ, কুমড়া, মটরশুঁটি এসবের নিয়মিত যত্ন নিতে হবে।
- টমেটো ফসলের মারাত্মক পোকা হলো ফলছিদ্রকারী পোকা। সম্বন্ধিত বালাই দমন পদ্ধতিতে এ পোকা দমন করতে হবে;
- শীতকালে মাটির রস কমে যায় বলে সবজি ক্ষেতে চাহিদা মাসিক সেচ দিতে হবে।
- গোড়ার মাটি আলপা করে দিতে হবে এবং আগাছামুক্ত রাখতে হবে;

### মসলা জাতীয় ফসল:

- রোপনকৃত চারা পৈয়াজের উপরিসার প্রয়োগ, সেচ প্রদান ও অন্যান্য পরিচর্যা করতে হবে।

### জাম:

- সাধারণত এ সময় জাম পাছে মুকুল আসে। পাছে মুকুল আসার পর থেকে ফুল ফোটার পূর্ব পর্যন্ত আক্রান্ত পাছে টিস্ট-২৫০ ইসি প্রতি লিটার পানিতে ০.৫ মিলি অথবা ২ গ্রাম ডাইথেন এম-৪৫ প্রতি লিটার পানিতে মিশিয়ে স্প্রে করতে হবে। জামের আকার মটর দানার মতো হলে পাছে ২য় বার স্প্রে করতে হবে;
- এসময় প্রতিটি মুকুলে অসংখ্য হপার নিষ্ক দেখা যায়। জাম পাছে মুকুল আসার ১০ দিনের মধ্যে কিছু ফুল ফোটার পূর্বেই একবার এবং এর একমাস পর আর একবার প্রতি লিটার পানির সাথে ১.০ মিলি সিমবুস/ফেনম/ডেসিস ২.৫ ইসি মিশিয়ে পাছে পাতা, মুকুল ও ভালপালা ভালোভাবে ডিজিয়ে স্প্রে করতে হবে।

তাছাড়া কৃষির যে কোন সময়ের উপজেলা কৃষি অফিস অথবা কৃষি কল সেন্টারের ১৯১২৩ নম্বরে বা কৃষক বন্ধু সেবার ৩৩৩১ নম্বরে কল করে বিশেষজ্ঞদের পরামর্শ নিতে পারেন।